

## ১ম নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি.ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ১ম নির্বাচন ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ০১-০৮-২০২৩, ০২-০৮-২০২৩ এবং ০৩-০৮-২০২৩ সকাল ৯:৩০ থেকে দুপুর ১:০০টার এবং দুপুর ১:৩০ থেকে ৪:০০টার মধ্যে নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য নিম্নের দপ্তরে উপস্থিত হতে হবে।

গ্রুপ	দপ্তর
সি-১	কক্ষ নং ৪২৪, পপুলেশন সায়েন্স ও হিউম্যান রিসোর্স বিভাগ, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন
সি-২	কক্ষ নং ১৫০, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন
সি-৩	কক্ষ নং ২১৮, প্রাণিবিদ্যা বিভাগ, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন
সি-৪	কক্ষ নং ১২১, ভূগোল ও পরিবেশবিজ্ঞান বিভাগ, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন
সি-৫(অবিজ্ঞান), শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান এবং পোষ্য কোটা	অধিকর্তার অফিস কক্ষ, জীব বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪১০, স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। কোটার প্রার্থীরা মেধা তালিকায় নির্বাচিত হলে ভর্তি হতে হবে। পরবর্তীতে কোটায় উচ্চতর পছন্দের বিষয় পেলে তাদের অটোমাইগ্রেশন হবে; কিন্তু, পছন্দক্রমে অন্তর্ভুক্ত বিভাগে মেধা তালিকায় নির্বাচিত ভর্তির সুযোগ পেয়ে ভর্তি না হলে, পরবর্তীতে কোটাতেও আর ভর্তির সুযোগ থাকবে না। শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হলো।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) জীববিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮-৮৬৪১৫৭, ০১৭৯৫-৭২৬৬৭৭)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

০১-০৮-২০২৩ থেকে ০৩-০৮-২০২৩ বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
২য় নির্বাচন তালিকা	০৭ আগস্ট ২০২৩ অপরাহ্ন	০৯ ও ১০ আগস্ট, ২০২৩
৩য় নির্বাচন তালিকা	১৪ আগস্ট ২০২৩ অপরাহ্ন	১৬ ও ১৭ আগস্ট, ২০২৩
৪র্থ নির্বাচন তালিকা	২১ আগস্ট ২০২৩ অপরাহ্ন	২৩ ও ২৪ আগস্ট, ২০২৩

### ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৪৩১.০০ টাকা (পাঁচ হাজার চারশত একত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। [টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।]
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (৩১-০৭-২০২৩ অপরাহ্ন থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- সকাল ১০:৩০টা থেকে দুপুর ১:০০টা এবং দুপুর ২:০০টা থেকে ৪:৩০টার এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
  - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
  - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
  - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
  - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
  - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৭ জুলাই ২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল আলম)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি ও

ডীন, জীববিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়  
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি 5077 বা Faculty of Biological Sciences, RU টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে ভর্তি পরীক্ষার রোল নাম্বার দিন।
৫. টাকার পরিমাণ (1000) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নাম্বারের গোপন পিন নাম্বার টাইপ করুন।

বিশেষ দ্রষ্টব্য

- পরিশোধের অংকের উপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অথবা বা Transaction ID লেখা প্রবেশপত্রের একটি কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।